

তারিখ: ০৬ আশ্বিন ১৪২৯  
২১ সেপ্টেম্বর ২০২২

স্মারক নং-৪৬.০০.০০০০.০৯৯.২৭.০০৮.২০১৮(অংশ-১)-৩৩২

বিষয়ঃ তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী তথ্য সংগ্রহ প্রসঙ্গে।

- সূত্রঃ ১) জনাব মোঃ মমিনুর রহমান, গ্রামঃ দামোদরপুর, পোঃ বুড়িরহাট, উপজেলাঃ তারাগঞ্জ, জেলাঃ রংপুর এর গত ২১/০৬/২০২২ তারিখের তথ্য প্রাপ্তি সংক্রান্ত আবেদন।  
২) স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০০.০০০০.০৯৯.২৭.০০৮.২০১৮(অংশ-১)-২৬৩, তাং-০৭ জুলাই ২০২২।  
৩) উক্ত আবেদনকারীর ০১/০৯/২০২২ তারিখের একই তথ্য প্রাপ্তি সংক্রান্ত আপীল আবেদন।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত ১নং আবেদনের প্রেক্ষিতে আবেদন পত্রে বর্ণিত তথ্য সংগ্রহের লক্ষ্যে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৯(৬) ধারা অনুযায়ী নির্ধারিত কোডে ট্রেজারী চালানের মাধ্যমে তথ্যের মূল্য পরিশোধপূর্বক চালানের কপি তথ্য প্রদান ইউনিটে জমা দিয়ে তথ্য সংগ্রহের জন্য সূত্রোক্ত ২নং স্মারকে আপনাকে অনুরোধ করা হয়। চালানের মূল কপি না পাওয়ায় তথ্য সরবরাহ করা সম্ভব হয়নি। কিন্তু একই তথ্য প্রাপ্তির জন্য আপনি পুনরায় আপীল আবেদন করেছেন।

এমতাবস্থায়, আপনার আপীল আবেদনটি নির্দেশক্রমে খারিজ করা হলো এবং স্থানীয় সরকার বিভাগের তথ্য প্রদান ইউনিটে হতে গত ০৭ জুলাই ২০২২ খ্রি: তারিখে প্রেরিত পত্রের মর্মানুযায়ী চালানের মূল কপি তথ্য প্রদান ইউনিটে জমা প্রদান করে চাহিত তথ্য গ্রহন করার জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।



মোহাম্মদ সাঈদ-উর-রহমান  
উপসচিব

ফোনঃ ০২-৯৫১৪৬১১

ইমেইলঃ [mon1@lgd.gov.bd](mailto:mon1@lgd.gov.bd)

জনাব মোঃ মমিনুর রহমান  
পিতা- মৃত আতিয়ার সরকার  
মাতা- মোছাঃ মনোয়ারা বেগম  
গ্রামঃ দামোদরপুর, পোঃ বুড়িরহাট  
উপজেলাঃ তারাগঞ্জ, জেলাঃ রংপুর।

অনুলিপিঃ

১। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।

২। প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।